



চিতাবাঘ এর সম্পর্কে তথ্য:

১. চিতাবাঘ খুবই ভীতু ও রহস্যময় জীব, তারা সাধারণত মানুষকে ভয় পাবে ও এড়িয়ে চলে
২. চিতাবাঘ জঙ্গল, চা-বাগান, চাষের ক্ষেত ও মানুষের বাসস্থান এর কাছে বাস করতে পারে
৩. চিতাবাঘ বাঁদর, হরিণ, খরগোশ, ছাগল, কুকুর, গরু, শূঁয়ো ইত্যাদি খেয়ে থাকে
৪. গরু ছাগল ও কুকুরের মতো সহজ শিকারের সন্ধানে তারা মানুষের বসতিতে আসে
৫. চা-বাগানে চিতাবাঘের খাদ্য ও বাসস্থানের প্রাচুর্য আছে
৬. চা-বাগানের স্থানীয় চিতাবাঘ মানুষকে এড়িয়ে চলতে জানে, স্থানীয় চিতাবাঘ কে খাঁচাবন্দি করলে তার স্থানে নতুন বাঘ আসবে। অজানা এলাকায় নতুন বাঘ মানুষকে আক্রমণ করতে পারে
৭. খাঁচাবন্দি চিতাবাঘ কে জঙ্গলে ছাড়ার পর সে নিজের এলাকায় ফেরার প্রচেষ্টা করবে। এই সময় তারা বিশেষত আক্রমণাত্মক হয়ে এবং মানুষের ক্ষতি করতে পারে

মানুষ ও চিতাবাঘ এর সহাবস্থান :

১. চিতাবাঘ মানুষকে ভয় পায় এবং মানুষকে নিজের খাদ্য বলে মনে করে না
২. চা-বাগানে চিতাবাঘ আত্মরক্ষার জন্যে মানুষকে আঘাত করে যখন তাদের পালানোর পথ ঘিরে রাখা হয়ে
৩. চা-বাগান মানুষের ও চিতাবাঘ উভয়ের বাসস্থান
৪. চা-বাগান থেকে একটি বাঘ ধরে নিয়ে গেলে সেই জায়গায় নতুন বাঘ আসবে এবং তার ফলে সমস্যা বৃদ্ধি পাবে। যেভাবে বাগানের বাংলা থেকে এক সাহেব গেলে নতুন সাহেব আসে, তেমনি স্থানীয় বাঘ সরালে তার জায়গায় নতুন অনভিজ্ঞ বাঘ আসবে
৫. চিতাবাঘ আইনত সুরক্ষিত, তাদের ক্ষতি করলে জরিমানা ও কারাবাস হবে

চিতাবাঘ এর মুখোমুখি না আসার উপায়:

১. চা-বাগানে কাজ করার সময় চিতাবাঘ এর মুখোমুখি হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি
২. চা-বাগানে কাজ শুরু করার আগে এক দিক থেকে টিন বা ড্রাম বাজিয়ে আওয়াজ করুন যাতে চিতাবাঘ সেই এলাকা থেকে সরে যায়
৩. সেকশন এ এক দিক থেকে কাজ শুরু করুন যাতে অন্য দিকে চিতাবাঘের পালানোর পথ খোলা থাকে
৪. চিতাবাঘ দেখলে তাকে তারা বার তাকে ঘেরাও করবেন না, করলে সে আত্মরক্ষার জন্যে আক্রমণ করতে পারে
৫. যদি কোনো সেকশন এ চিতাবাঘ এর বাচ্চা দেখা যায়, সেই সেকশন এ কাজ বন্ধ রাখুন। এক সপ্তাহ পর আবার সেই সেকশন এ বাচ্চার খোঁজ করুন। চিতাবাঘ তার বাচ্চাদের সুরক্ষিত রাখার জন্য তাদের জায়গা প্রতিনিয়ত বদলাতে থাকে।
৬. সূর্যাস্থের পর ও সূর্যোদয়ের পূর্বে আপনার বাচ্চাদের চা-বাগান অঞ্চলে যেতে দেবেন না কারণ বিকেল ৫টা থেকে ভোর ৬টা অবধি চিতাবাঘের চলাচল সবচেয়ে বেশি হয়ে
৭. সন্ধ্যার পর চা-বাগান অঞ্চলে দলবদ্ধ হয়ে চলাচল করুন
৮. সন্ধ্যার পর চা বাগান অঞ্চলে টর্চের ব্যবহার করুন, মোবাইল এ গান বাজান অথবা জোরে কথা বলুন বাঘ কে সতর্ক করার জন্যে
৯. চা-বাগানে গরু ছাগল চড়তে দেবেন না, তাতে চিতাবাঘ আকর্ষিত হয়ে। চড়াতে নিয়ে যাওয়ার সময়ে ও বাড়িতে গবাধি পশুদের সুরক্ষিত রাখুন
১০. কেবল মাত্র প্রাপ্ত বয়স্করাই যেন পালিত পশু চড়াতে যান
১১. চা-বাগান এলাকা ও জঙ্গলে বন্যপ্রাণী শিকার করবেন না তাহলে চিতাবাঘের খাদ্য কমে যাবে